রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ১৬, ১৯৮৬

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন ও বিচার মন্ত্রণালয়

বিচার শাখা-৪

বিজ্ঞপ্তিসমূহ

ঢাকা, ১৬ই জুন, ১৯৮৬

নং এস,আর,ও ১৭৭-এল/৮৬/১৬০ বিচার-৪/৫সি-৭/৮৩—অত্র মন্ত্রণালয়ের ৯ই সেপ্টেম্বর ১৯৮৫ তারিখের ৩৯৮-এল/৮৫/২৯৯-বিচার-৪/৫সি-৭/৮৩ নম্বর বিজ্ঞপ্তি আংশিক সংশোধনক্রমে দেওয়ানী আদালত আইন (১৮৮৭ সালের ১২ নম্বর আইন) এর ১৪(১) ধারা এবং ১৮৯৮ সালের ফৌজদারী কার্যবিধি আইন (১৮৯৮ সালের ৫ নম্বর আইন) এর ৯(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার নির্দেশ দিতেছেন যে সিলেটের একটি অতিরিক্ত জেলা ও দায়রা জজের আদালত রাজশাহীর পরিবর্তে অস্থায়ীভাবে, পুনরাদেশ না দেওয়া পর্যন্ত নওগাঁয়ে অনুষ্ঠিত হইবে।

এই আদেশ ১৬ই জুন ১৯৮৬ তারিখ হইতে কার্যকরী হইবে।

নং এস,আর,ও ১৭৮-এল/৮৬/১৬১ বিচার-৪/৫সি-৭/৮০—অত্র মন্ত্রণালয়ের ১৮ই জানুয়ারী ১৯৮৬ তারিখের এস,আর,ও, নং ২৮-এল/৮৬/১৬-বিচার-৪/৫সি-৭/৮৩ নং বিজ্ঞপ্তির আংশিক সংশোধনক্রমে দেওয়ানী আদালত আইন (১৮৮৭ সালের ১২ নম্বর আইন) এর ১৪(১) ধারা এবং ১৮৯৮ সালের ফৌজদারী কার্যবিধি আইন (১৮৯৮ সালের ৫ নম্বর আইন) এর ৯(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার নির্দেশ দিতেছেন যে ঢাকার একটি অতিরিক্ত জেলা ও দায়রা জজের আদালত নরসিংদীর পরিবর্তে অস্থায়ীভাবে, পুনরাদেশ না দেওয়া পর্যন্ত পিরোজপুরে অনুষ্ঠিত হইবে।

এই আদেশ ১৬ই জুন ১৯৮৬ তারিখ হইতে কার্যকরী হইবে।

---



মূল্যঃ ৩০ পয়সা

নং এস, আর, ও ১৭৯-এল/৮৬/১৬২ বিচার-৪/৫সি-৭/৮৩—অত্র মন্ত্রণালয়ের ২রা সেপ্টেম্বর ১৯৮৫ তারিখের এস, আর, ও ৩৯৩-এল/৮৫/২৯২-বিচার-৪/৫সি-৭/৮৩ বিজ্ঞপ্তি-বলে রাজশাহীর অতিরিক্ত জেলা ও দায়রা জজের আদালত বাগেরহাটে অনুষ্ঠিত হওয়ার আদেশটি এতদ্বারা বাতিল করা হইল।

এই আদেশ ১৬ই জুন ১৯৮৬ তারিখ হইতে কার্যকরী হইবে।

নং এস, আর, ও ১৮০-এল/৮৬/১৫৪ বিচার-৪/৫সি-৭/৮৩—দেওয়ানী আদালত আইন (১৮৮৭ সালের ১২ নম্বর আইন) এর ১৪(১) ধারা এবং ১৮৯৮ সালের ফৌজদারী কার্যবিধি আইন (১৮৯৮ সালের ৫ নম্বর আইন) এর ৯(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার নির্দেশ দিতেছেন যে ময়মনসিংহের একটি অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালত, পুনরাদেশ না দেওয়া পর্যন্ত, প্রতি মাসের প্রথম ১২ দিন জামালপুর জেলার জামালপুরে অনুষ্ঠিত হইবে।

এই আদেশ ১৬ই জুন ১৯৮৬ তারিখ হইতে কার্যকরী হইবে।

নং এস, আর, ও ১৮১-এল/৮৬/১৫৫ বিচার-৪/৫সি-৭/৮৩—অত্র মন্ত্রণালয়ের ২১শে এপ্রিল ১৯৮৫ তারিখের এস, আর, ও ১৮১-এল/৮৫/১০৬-বিচার-৪/৫সি-৭/৮৩ বিজ্ঞপ্তি-বলে খুলনার অতিরিক্ত জেলা ও দায়রা জজের আদালত রংপুরে অনুষ্ঠিত হওয়ার আদেশটি এতদ্বারা বাতিল করা হইল।

এই আদেশ ১৬ই জুন ১৯৮৬ তারিখ হইতে কার্যকরী হইবে।

নং এস, আর, ও ১৮২-এল/৮৬/১৫৬ বিচার-৪/৫সি-৭/৮৩—দেওয়ানী আদালত আইন (১৮৮৭ সালের ১২ নম্বর আইন) এর ১৪(১) ধারা এবং ১৮৯৮ সালের ফৌজদারী কার্যবিধি আইন (১৮৯৮ সালের ৫ নম্বর আইন) এর ৯(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার নির্দেশ দিতেছেন যে জামালপুরের অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতটি অস্থায়ীভাবে, পুনরাদেশ না দেওয়া পর্যন্ত, রংপুর জেলার রংপুরে অনুষ্ঠিত হইবে।

এই আদেশ ১৬ই জুন ১৯৮৬ তারিখ হইতে কার্যকরী হইবে।

নং এস, আর, ও ১৮৩-এল/৮৬/১৫৯ বিচার-৪/৫সি-৭/৮৩—দেওয়ানী আদালত আইন (১৮৮৭ সালের ১২ নম্বর আইন) এর ১৪(১) ধারা এবং ১৮৯৮ সালের ফৌজদারী কার্যবিধি আইন (১৮৯৮ সালের ৫ নম্বর আইন) এর ৯(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার নির্দেশ দিতেছেন যে ঢাকার একটি অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালত, পুনরাদেশ না দেওয়া পর্যন্ত, প্রতি মাসের প্রথম ১২ দিন নরসিংদী জেলার নরসিংদীতে অনুষ্ঠিত হইবে।

এই আদেশ ১৬ই জুন ১৯৮৬ তারিখ হইতে কার্যকরী হইবে।

নং এস, আর, ও ১৮৪-এল/৮৬/১৫৭ বিচার-৪/৫সি-৭/৮৩—অত্র মন্ত্রণালয়ের ২১শে এপ্রিল ১৯৮৫ তারিখের এস, আর, ও ১৮৬-এল/৮৫/১৪১-বিচার-৪/৫সি-৭/৮৩ নম্বর বিজ্ঞপ্তি-বলে বাগেরহাটের অতিরিক্ত জেলা ও দায়রা জজের আদালত পিরোজপুরে অনুষ্ঠিত হওয়ার আদেশটি এতদ্বারা বাতিল করা হইল।

এই আদেশ ১৬ই জুন ১৯৮৬ তারিখ হইতে কার্যকরী হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

হাফিজ উদ্দিন আহমদ

উপ-সচিব।

খন্দকার ওবায়দুল মোক্তাদের, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
মোঃ রবিউল হোসেন, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।